যায়যায়দিন

তারিখ ...13 JAN 2009...
পৃষ্ঠা ... ২ ... কলাম ..... ৩ .....

স্থানীয় ছাত্রলীগ নেতাদের হামলা

# নড়াইলে ভিক্টোরিয়া কলেজের অধ্যক্ষ লাঞ্ছিত, রুম ভাংচুর

নড়াইল প্রতিনিধি

অকৃতকার্য ও বহিষ্কৃত শিক্ষার্থীদের এইসএসসি পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ না দেয়ায় স্থানীয় ছাত্রলীগ নেতাদের নেতৃত্বে একদল সন্ত্রাসী গতকাল দুপুরে নড়াইল সরকারি ভিক্টোরিয়া কলেজের অধ্যক্ষকে লাঞ্ছিত ও তার রুম ভাংচুর করেছে। এ ব্যাপারে থানায় অভিযোগ হলেও এ রিপোর্ট লেখা পর্যন্ত কাউকে আটক বা গ্রেপ্তার করা হয়নি।

নড়াইল সরকারি ভিক্টোরিয়া মহাবিদ্যালয়ের অধ্যক্ষ সুধীর কুমার পাল জানান, স্থানীয় ছাত্রলীগ নেতা ও কলেজের সাবেক ভিপি মাসুম, খোকন সাহা ও আজিম তার রুমে এসে নিয়ম বহির্ভূতভাবে কিছু অকৃতকার্য ও দুজন বহিষ্কৃত শিক্ষার্থীকে আগামী এইসএসসি পরীক্ষায় অংশ নেয়ার সুযোগ দেয়ার দাবি জানায়। তিনি এ বিষয়ে পরে সিদ্ধান্ত নেয়া হবে বলে জানালে বহিরাগত ওই ছাত্রনেতাদের নেতৃত্বে ২৫-৩০ জন সন্ত্রাসী এসে তাকে গালিগালাজ করে রুমের চেয়ার-টেবিল ও জানালার কাচ ভাংচুর করে।

এ ঘটনায় নড়াইল জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক খোকন সাহা, সহ-সভাপতি মাসুম ও আজিমসহ ২৫-৩০ জনের বিরুদ্ধে অধ্যক্ষ সুধীর কুমার পাল সদর থানায় অভিযোগ করেছেন।

সদর থানার এসআই জিজি বিশ্বাস ঘটনার সত্যতা স্বীকার করে বলেন, কলেজের ঘটনা তদন্তে পুলিশ পাঠানো হয়েছে। তবে কেউ আটক হয়েছে কি না জানতে চাইলে তিনি বলেন, লিখিত অভিযোগ না হলে তো কাউকে ধরতে পারবো না।

নড়াইলের পুলিশ সুপার মো. কামরুল আহসান অধ্যক্ষের রুম ভাংচুরের কথা স্বীকার করে এ সংবাদদাতাকে বলেন, এ বিষয়ে পুলিশের পক্ষ থেকে জিডি করা হয়েছে। তবে অধ্যক্ষের দায়ের করা অভিযোগের কথা তিনি অস্বীকার করেন।